গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৩.২০-৪৩০

তারিখঃ ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৬ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ বরিশাল বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ আদালতের দেওয়ানী আপীল নং-১৩০/২০১৮ মোকদ্দমার বিগত ইং ১৪/০১/২০২০ তারিখের আদেশের প্রেক্ষিতে বরিশাল জেলার বানারীপাড়া থানাধীন আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসার প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-এর বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৩.২০-২৬৬, তারিখ: ১৪/০৯/২০২০ খ্রি:।
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৩.২০-৩৪৫, তারিখ: ০৪/১১/২০২০ খ্রি:।
(৩) অধ্যক্ষ, আহমদাবাদ হোসাইনিয়া সি: মাদ্রাসা'র স্মারক নং-আহমা/কানু:/জ:সা:ব:/ ১-৬০, তারিখ: ১৪/১১/২০২০ খ্রি;।

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশালের বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ আদালতের দেওয়ানী আপীল নং-১৩০/২০১৮ মোকদ্দমার বিগত ইং ১৪.০১.২০২০ তারিখের আদেশের প্রেক্ষিতে বরিশাল জেলার বানারীপাড়া থানাধীন আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসার প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-কে চাকুরীতে পুনর্বহালপূর্বক পূর্ণ আর্থিক সুবিধা প্রদান না করায় (বাদীর আবেদনের প্রেক্ষিতে) কতিপয় তথ্য ১১/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে জানানোর জন্য টিএমইডি হতে ২৪/৯/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়েছিল।

২। নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্যাদি প্রেরণ না করায় তথা সরকারি আদেশ প্রতিপালন না করায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" এর ১৮.১(খ) এর বিধান মতে কেন শাস্তিমূলক ব্যবস্থা (এমপিও বন্ধকরণ) গ্রহণ করা হবে না মর্মে ১৫/১১/২০২০ খ্রি তারিখের মধ্যে কারণ দর্শানোর জন্য পুনরায় উক্ত অধ্যক্ষ বরাবর গত ০৪/১১/২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে ২য় অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

৩। উক্ত পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে প্রদত্ত জবাব নিম্নরুপ-

(ক) আপনা কর্তৃক পত্রে উল্লেখ করা হয়েছে যে, টিএমইডি'র প্রেরিত ১ম পত্র খানা আমার মুঠোফোনে সমস্যা থাকার কারণে পাইনাই। গত ০৪/১১/২০২০ খ্রি. তারিখের পত্রখানা ই-মেইলের মাধ্যমে পাই।

(খ) বরিশাল জেলার বানারীপাড়া থানাধীন আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-কে (ইনডেক্স নং-৩৭০৬৫৫) তৎকালিন পরিচালনা কমিটি ৩০/০১/২০১১ খ্রি. তারিখ নানাবিধ কারণে সাময়িক বরখাস্ত করেন এবং ০২/০৫/২০১১ খ্রি. তারিখ চুড়ান্ত বরখাস্ত করে মাদ্রাসা বোর্ডে আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে প্রেরণ করেন মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে।

(গ) কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে জনাব মোঃ আব্দুল জব্বার ফকির কর্তৃক বানারীপাড়া সহকারী জজ আদালতে দেওয়ানী ৩৩/২০১১ মামলা দায়ের করেন। উক্ত মামলাটি দীর্ঘদিন চলার পর খারিজ হয়ে যায়।

(ঘ) অত:পর জনাব মোঃ আব্দুল জব্বার ফকির বরিশাল জেলা জজ আদালতে ১৩০/২০১৮ নং দেওয়ানী আপীল মোকদ্দমা দায়ের করেন। পরবর্তীতে মামলাটি বদলি করায় বরিশাল বিভাগীয় স্পেশাল জজ আদালত কর্তৃক জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-কে স্বপদে বহাল করার নির্দেশ প্রদান করা হয়।

(ঙ) কিন্তু বিবাদী পক্ষ তথা গভর্নিং বডি কর্তৃক গত ০৮/০২/২০২০ তারিখের সভায় উক্ত আপীল মামলার রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে আপীল করার সিদ্ধান্ত প্রদান করা হয় এবং গত ১২/১০/২০২০ তারিখে আপীল দায়ের করেন। যার নম্বর ৯৮৫, তারিখ ০৯/১১/২০২০ খ্রি. বিধায় মহামান্য আদালতের সিদ্ধান্ত ব্যতিরেকে কোন কার্যক্রম গ্রহনের এখতিয়ার মাদ্রাসা কর্তৃপক্ষের নেই মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে।

(চ) উপরিউক্ত বিষয়াদি ছাড়াও জনাব মোঃ আব্দুল জব্বার ফকির মামলাবাজ এবং অনেকগুলো মামলার (**এমপি কেস ০২/০৮, এমপি কেস নং-৭১৬/০৮, মোকদ্দম্ম নং-০১/০৯ এবং দেওয়ানী মোকদ্দমা নং-৩৩/১১**) সাথে জড়িত মর্মে এ বিষয়ে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত ১৯/৭/২০১১ তারিখের তদন্ত প্রতিবেদনে দেখা যায়। এছাড়াও জনাব মোঃ আব্দুল জব্বার ফকির কর্তৃক একই দিনে উক্ত মামলায় আদালতে হাজির হন এবং মাদ্রাসার হাজিরা খাতায়ও স্বাক্ষর করেন মর্মে আদর্শ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, অগৈলঝরা, বরিশাল এর সহকারী অধ্যাপক জনাব মো: জগলুল ফারুক কর্তৃক ০৯/৭/১১ তারিখে করা তদন্ত প্রতিবেদনে দেখা যায়।

৪। উল্লেখ্য- জনাব মোঃ আব্দুল জব্বার ফকির, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগ থাকলেও দেওয়ানী আপীল নং-১৩০/২০১৮ মোকদ্দমার বিগত ইং ১৪.০১.২০২০ তারিখের রায়/আদেশে জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-কে চাকুরীতে পুনর্বহালপূর্বক পূর্ণ আর্থিক সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া সরকারি বিধি বিধান অনুযায়ী কোন শিক্ষক-কে চুড়ান্ত বরখাস্ত করার পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি'র অনুমোদন থাকা আবশ্যক। **জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-কে চুড়ান্ত বরখাস্ত করার পূর্বে বামাশিবো'র আপিল এন্ড আরবিট্রেশন কমিটি'র অনুমোদনের কপি বিবেচ্যপত্রের সাথে পাওয়া যায়নি / সংযুক্ত করা হয়নি।**

চলমান পাতা নং-০২

৫। এক্ষণে জরুরিভিত্তিতে নিম্নোক্ত প্রয়োজন-

(ক) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)-কে চূড়ান্ত বরখাস্ত করার পূর্বে বামাশিবো'র আপিল এন্ড আরবিট্রেশন কমিটি'র সিদ্ধান্ত/অনুমোদনের কপি;

(খ) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)-এর সাময়িক বরখাস্তের আদেশ ও চূড়ান্ত বরখাস্তকরণের আদেশে কপি;

(গ) দেওয়ানী আপীল নং-১৩০/২০১৮ মোকদ্দমার ১৪.০১.২০২০ তারিখের আদেশ এর বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত আপীল মামলার নম্বরসহ হালনাগাদ তথ্যাদি প্রেরণ;

৬। এমতাবস্থায়, চাহিতমতে উল্লিখিত তথ্যাদি আগামি ১৩/১২/২০২০খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

০৭/১২/২০২০

(মোঃ আঃ খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
☎: ৯৫৭৫২৭২

অধ্যক্ষ
আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসা
পোস্ট: সলিয়াবাকপুর
থানা: বানারীপাড়া
জেলা: বরিশাল।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের এ কান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/মাষ্টার কপি।